# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯০৫]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (كتاب عيادة المريض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৪৫: অসুস্থ মানুষের জন্য যে সব দো‘আ বলা হয়

(145) بَابُ مَا يُدْعٰى بِهِ لِلْمَرِيْضِ

আরবী

وَعَنْ أَبي عَبدِ اللهِ عُثمَانَ بن أَبي العَاصِ رضي الله عنه: أَنَّهُ شَكَا إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَجَعاً يَجِدُهُ في جَسَدِهِ، فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم : « ضَعْ يَدَكَ عَلَى الَّذي يَأْلَمُ مِنْ جَسَدِكَ وَقُلْ: بِسمِ اللهِ ثَلاثاً، وَقُلْ سَبْعَ مَرَّاتٍ: أَعُوذُ بِعِزَّةِ اللهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أجِدُ وَأُحَاذِرُ ». رواه مسلم

বাংলা

৫/৯১০। আবূ আব্দুল্লাহ ’উসমান ইবনে আবুল ’আস রাদিয়াল্লাহু ’আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ঐ ব্যথার অভিযোগ করলেন, যা তিনি তার দেহে অনুভব করছিলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, ’’তুমি তোমার দেহের ব্যথিত স্থানে হাত রেখে তিনবার ’বিসমিল্লাহ’ এবং সাতবার ’আ’উযু বি’ইয্যাতিল্লাহি অক্বুদরাতিহী মিন শার্রি মা আজিদু অউহাযিরু’ বল।’’ অর্থাৎ আল্লাহর ইজ্জত এবং কুদরতের আশ্রয় গ্রহণ করছি, সেই মন্দ থেকে যা আমি পাচ্ছি এবং যা থেকে আমি ভয় করছি। (মুসলিম) [1]

## English

(145) Chapter: Supplication for the Sick

Abu 'Abdullah bin Abul-'as (May Allah be pleased with him) reported:
I complained to the Messenger of Allah (ﷺ) about a pain I had in my body.
The Messenger of Allah (ﷺ) said, "Place your hand where you feel pain and say: 'Bismillah (With the Name of Allah)' three times; and then repeat seven times: 'A'udhu bi'izzatillahi wa qudratihi min sharri ma ajidu wa 'uhadhiru (I seek refuge with Allah and with His Power from the evil that afflicts me and that which I apprehend)."'

[Muslim].

Commentary: This Hadith tells us it is not necessary that a patient should exclusively get Ruqyah from others; rather he can also do Ruqyah himself by reciting the Prophet's supplications.

## ফুটনোট

[1] মুসলিম ২২০২, তিরমিযী ২০৮০, আবূ দাউদ ৩৮৯১ ইবনু মাজাহ ৩৫২২, আহমাদ ১৫৮৩৪, ১৭৪৪৯, মুওয়াত্তা মালিক ১৭৫৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উসমান ইবনু আবূল-আস আস-সাকাফী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন